

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে

বই পড়া প্রতিযোগিতা

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাদরাসাসহ সকল অধিভুক্ত মাদরাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে বই পড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

অংশগ্রহণের নিয়মাবলী নিম্নরূপ:

১. প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের ফাজিল (পাস ও অনার্স) এবং কামিল (এক ও দুই বছর মেয়াদী) শ্রেণিতে অধ্যয়নরত (ফল প্রকাশের পূর্ব পর্যন্ত) হতে হবে;
 ২. প্রতিযোগিতার জন্য নির্ধারিত বই: ‘অসমাপ্ত আত্মজীবনী’ ভূমিকা ও প্রথম ১০০ পৃষ্ঠা;
 ৩. বই পড়ার সময়: বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে মূল্যায়নের পূর্ব পর্যন্ত;
 ৪. অনলাইনে রেজিস্ট্রেশন: center.iau.edu.bd/quizreg লিংকে প্রবেশ করে, ১৪ মার্চ ২০২২খ্রি. হতে ২৪ মার্চ ২০২২খ্রি. রাত ১১.৫৯ পর্যন্ত;
 ৫. উত্তর প্রদানের সর্বোচ্চ সময়সীমা: ৬০.০০ মিনিট;
 ৬. প্রতিযোগিতা ও মূল্যায়ন পদ্ধতি: iau.edu.bd/quiz লিংকে প্রবেশ করে অংশগ্রহণ, ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে মোট ১০০টি প্রশ্ন থাকবে, প্রতিটি সঠিক উত্তরের জন্য এক নম্বর প্রাপ্য হবে এবং ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন হবে। কম সময়ে/আগে সাবমিটকৃত উত্তরপত্র অগ্রাধিকার পাবে;
 ৭. পড়া মূল্যায়নের তারিখ ও সময়: ২৫ মার্চ ২০২২, শুক্রবার, বিকাল ৪.০০টা হতে ৫.০০টা পর্যন্ত ৬০.০০ মিনিট;
 ৮. জেলা ও বিভাগভিত্তিক অংশগ্রহণকারী প্রতিযোগীদের সংখ্যা বিবেচনাপূর্বক বিজয়ী নির্ধারণ করা হবে এবং শতাধিক বিজয়ীগণকে উন্নত মানের আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে;
 ৯. বিজয়ীগণকে সনদপত্র, উন্নত মানের ল্যাপটপ, প্যাড, স্মার্ট ফোন, নগদ অর্থ ও বই পুরস্কার হিসেবে প্রদান করা হবে;
- প্রয়োজনে তথ্যের জন্য: ০১৫৩৭-০০৪০১৬
 - জাতীয় পর্যায়ে বিজয়ীদেরকে ঢাকায় আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করা হবে এবং তারা টিএ/ডিএ প্রাপ্য হবেন।
 - বিশ্ববিদ্যালয়ের অধীনে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

“বই মনের চোখ খুলে দেয়। বই পড়ি জ্ঞানী হই”

উপাচার্যের অনুমোদনক্রমে



(প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ)

প্রো-ভাইস-চ্যান্সেলর

ও

আহ্বায়ক, উদযাপন কমিটি
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।